

ফরম-৩.১২

(নমুনা)

[বিধি ৩৩(২) দ্রষ্টব্য]

ভূগর্ভস্থ পানি আহরণ/ব্যবহার/সরবরাহ/সংশ্লিষ্ট প্রকল্পের অংশবিশেষ প্রকল্পের জন্য অনাপত্তির জন্য আবেদন
(তিন প্রস্থ জমা দিতে হইবে)

প্রতি

নির্বাহী কমিটি

জাতীয় পানি সম্পদ পরিষদ

মাধ্যম: মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা/জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তা/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান

আমি বা আমরা, নিম্নস্বাক্ষরকারী, ভূগর্ভস্থ পানি আহরণ/ব্যবহার/সরবরাহ/অংশবিশেষ প্রকল্পের অনাপত্তি পত্র ইস্যুর অনুরোধ জানাইয়া প্রয়োজনীয় কাগজপত্র ও বিবরণ সংযুক্তক্রমে আবেদন করিতেছি।

১। আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা:

ক. সাধারণ তথ্য:

- (১) প্রকল্পের শিরোনাম
- (২) নলকূপের বিবরণ
- (৩) ভূগর্ভস্থ পানি উত্তোলনের লক্ষ্য ও উদ্দেশ্য
- (৪) প্রকল্পের অবস্থান: ইউনিয়ন, উপজেলা, জেলা (জিও কোডসহ থানা ব্যাচ ম্যাপে নলকূপের স্থান/প্রকল্পের সীমানা)

খ. কারিগরি তথ্য

- (১) পানি উত্তোলনের লক্ষ্যমাত্রা (কিউসেক)
- (২) ব্যবহৃত মটরের ক্ষমতা (অশ্ব শক্তি)
- (৩) নলকূপের গভীরতা (ফুট)
- (৪) নলকূপে ব্যবহৃত পাইপের ব্যাস (ইঞ্চি)
- (৫) প্রতিদিন পানি উত্তোলনের পরিমাণ (ঘণমিটার/দিন)
- (৬) পরিত্যক্ত বা নির্গমিত পানির স্থানের বিবরণ
- (৭) নিকটস্থ নলকূপের বিবরণ (স্থান, ধরন, দূরত্ব, অশ্ব শক্তি)
- (৮) নিকটস্থ ভূপরিষ্ক পানির প্রাপ্যতার বিবরণ

গ. দালিলিক প্রতিপালন সম্পর্কিত তথ্য (গভীর নলকূপের ক্ষেত্রে)

- (১) জাতীয় পানি নীতি অনুসৃত হয়েছে কিনা
- (২) জাতীয় পানি সম্পদ পরিকল্পনার সাথে সংগতিপূর্ণ কিনা
- (৩) বিদ্যমান পঞ্চবার্ষিকী পরিকল্পনার উদ্দেশ্যের সহিত সংগতিপূর্ণ কিনা
- (৪) টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক কিনা
- (৫) আবেদনকারী প্রতিপালন আদেশ, অপসারণ আদেশ ও সুরক্ষা আদেশ এর শর্ত ভঙ্গকারী কিনা

ঘ. প্রশাসনিক তথ্য

- (১) স্থানীয় কর্তৃপক্ষের অনাপত্তি (প্রযোজ্য ক্ষেত্রে)
- (২) পানির মূল্য পরিশোধের বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে)

আমি বা আমরা হলফ করিয়া ঘোষণা করিতেছি যে, এই আবেদনপত্রে প্রদত্ত যাবতীয় তথ্য এবং সংযুক্ত সকল কাগজাদি আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য, সঠিক ও নির্ভুল।

আবেদনকারীর স্বাক্ষর

ও

সীলমোহর